**অধ্যায়-অষ্টম**

বাংলাদেশের জনসংখ্যা পরিচিতি

## ■ সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন– ১ ▸▸**

সারণিটি পড় এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।

| বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধির প্রবণতা | |
|---|---|
| ১৯৬১ | ৫.৫২ কোটি |
| ১৯৭৪ | ৭.৬৪ কোটি |
| ১৯৯১ | ১১.১৫ কোটি |
| ২০০১ | ১২.৯৩ কোটি |
| ২০০৭ | ১৪.০৬ কোটি |
| ২০১১ | ১৪.৯৭ কোটি |

ক. বাংলাদেশে মেয়েদের বিয়ের ন্যূনতম বয়স কত?

খ. বসতি স্থানান্তর কীভাবে জনসংখ্যা বৃদ্ধিতে সহায়তা করে– ব্যাখ্যা কর।

গ. ১৯৬১ সালের তুলনায় ২০০৭ সালের জনসংখ্যা তিনগুণ বৃদ্ধির কারণ ব্যাখ্যা কর।

ঘ.'১৯৯১ সালের পর থেকে বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধির হার ক্রমশ হ্রাস পাচ্ছে'– পাঠ্যপুস্তকের আলোকে উক্তিটি বিশেরষণ কর।

**ক** বাংলাদেশে মেয়েদের বিয়ের ন্যূনতম বয়স ১৮ বছর।

**খ** জনসংখ্যা বৃদ্ধির উলেরখযোগ্য কারণ হচ্ছে বসতি স্থানান্তর। দুই দেশের মধ্যে অধিবাসীদের স্থানান্তরকে দেশান্তর বলে। বসতি স্থানান্তর বা দেশান্তর দুই রকম– বহিরাগমন ও বহির্গমন। বাইরের দেশ থেকে নিজ দেশে লোকের আগমনকে বহিরাগমন বলে। বহিরাগমনের ফলে জনসংখ্যা বেড়ে যায়। কোনো দেশ থেকে লোকের অন্য দেশে গমনকে বহির্গমন বলে। বহির্গমনের ফলে জনসংখ্যা কমে যায়। কোনো দেশে বহির্গমনের চেয়ে বহিরাগমন বেশি হলে সেদেশের জনসংখ্যা বেড়ে যায়।

**গ** উল্লিখিত সারণিটি পড়ে জানা যায় যে, ১৯৬১ সালে বাংলাদেশের জনসংখ্যা ৫.৫২ কোটি থেকে ২০০৭ সালে ১৪.০৬ কোটিতে দাঁড়িয়েছে। অর্থাৎ জনসংখ্যা তিনগুণ বৃদ্ধি পেয়েছে। ১৯৬১ থেকে ২০০৭ সময়ে এ দেশে জন্মহার ও মৃত্যুহারের ব্যবধান ছিল অত্যধিক। বর্তমানে যত শিশু জন্মগ্রহণ করে তার চেয়ে কম সংখ্যক মারা যায়। এর কারণ হলো চিকিৎসা বিজ্ঞানের ক্রমোন্নতি। ফলে  দেশের জনসংখ্যা বৃদ্ধি পায়। এছাড়া এ সময়ে দেশে বাল্যবিবাহের কারণে শিশু জন্মহার বৃদ্ধি পায়। ফলে জনসংখ্যা বৃদ্ধি পেতে থাকে। উপরন্তু শিৰার অভাবে দেশের জনসাধারণ জন্ম নিয়ন্ত্রণের প্রয়োজনীয়তা অনুভব করতে পারে না, যা জনসংখ্যা বৃদ্ধিতে ভূমিকা রাখছে। বাংলাদেশে অনেক পিতা-মাতা পরপর কয়েকটি কন্যা সন্তানের পরও পুত্র সন্তানের আশায় আবার সন্তান গ্রহণ করে। ফলে জনসংখ্যা বৃদ্ধির হার আরো বেড়ে যায়। মূলত এসব কারণেই ১৯৬১ সালের তুলনায় ২০০৭ সালের জনসংখ্যা তিনগুণ বৃদ্ধি পেয়েছে।

**ঘ** সারণিটি লৰ করলে দেখা যায় যে, ১৯৯১ সালের পর থেকে বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধির হার ক্রমশ হ্রাস পাচ্ছে। অধিক জনসংখ্যার চাপ আমাদের জীবনযাত্রায় যে মারাত্মক প্রভাব ফেলছে তা দেশের জনগণ বুঝতে সৰম হয়েছে। ফলে বর্তমানে জনসংখ্যা যেন দ্রুত বৃদ্ধি না পায় সেজন্য সরকারসহ সকলেই সচেতন। বর্তমান সময়ে সরকার জনসংখ্যা নিয়ন্ত্রণে নানাবিধ পদৰেপ গ্রহণ করেছে। আর দেশের জনগণও তাতে সরকারকে ব্যাপকভাবে সাহায্য করছে। অতিরিক্ত জনসংখ্যার কারণে আজ আমাদের দেশ বিশ্বপরিমণ্ডলে পিছিয়ে পড়েছে এবং এটা সবাই উপলব্ধি করতে পেরেছে। ফলে সকলের মধ্যে ব্যাপক সচেতনতার সৃষ্টি হয়েছে। এই সচেতনতার ফলেই ১৯৯১ সাল থেকে ২০০১ সাল পর্যন্ত জনসংখ্যার বৃদ্ধি পেয়েছে প্রায় দুই কোটি যা পূর্বের দশকগুলো থেকে বেশ কম। আবার ২০০১ থেকে ২০০৭ সাল পর্যন্ত জনসংখ্যার বৃদ্ধি হয়েছে এক কোটির কিছু বেশি। এভাবে জনসচেতনতার ফলে ১৯৯১ সাল থেকে জনসংখ্যা বৃদ্ধির হার ক্রমশ হ্রাস পাচ্ছে।

**প্রশ্ন– ২ ▸▸**

**ঘটনা–১ :** সফল ব্যবসায়ী হিসেবে চৌধুরী পরিবার ও হালদার পরিবার সিলেটের কুলাউড়া এলাকার অনেকের কাছেই পরিচিত। অথচ চৌধুরীদের আদিনিবাস কিশোরগঞ্জে এবং হালদার পরিবারের মূলবাড়ি ব্রাহ্মণবাড়িয়ায়।

**ঘটনা–২ :** সৈয়দপুর, সোহাগীসহ পাশাপাশি তিন-চারটি গ্রামের অনেক লোক প্রায় ১৫ বছর যাবৎ মধ্যপ্রাচ্যে বসবাস করছেন। তাদের ছেলেমেয়েদের অনেকেই এখনও পূর্বপুরৰদের জন্মস্থান দেখেনি।

ক. স্থূল জন্মহার কাকে বলে?

খ. বাংলাদেশের মানুষের গড় আয়ু বৃদ্ধির একটি কারণ ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকে উলিরখিত ঘটনা–১ কোন ধরনের স্থানান্তরকে নির্দেশ করে ? ব্যাখ্যা কর।

ঘ.'ঘটনা–২ এ উলিরখিত স্থানান্তরটি দেশের জনসংখ্যা হ্রাসের মুখ্য কারণ'। বক্তব্যটিকে তুমি কি সমর্থন কর? উত্তরের পৰে যুক্তি দাও

**২ নং প্রশ্নের উত্তর**

**ক** প্রতি বছর কোনো অঞ্চল বা দেশে প্রতি হাজার লোকের মধ্যে যে সংখ্যক জীবিত শিশু জন্মগ্রহণ করে তাই হলো সে অঞ্চল বা দেশের স্থূল জন্মহার।

**খ** বাংলাদেশের মানুষের গড় আয়ুষকাল বৃদ্ধির অন্যতম কারণ হলো চিকিৎসা শাস্ত্রের উন্নতি। চিকিৎসা শাস্ত্রের উন্নতিতে শিশু মৃতুহার ও মাতৃমৃত্যুর হার অনেক কমেছে। মানুষ অনেক বেশি স্বাস্থ্যসচেতন হয়েছে। প্রাণঘাতি রোগ নির্মূল করা সম্ভব হচ্ছে। ফলে বাংলাদেশের মানুষের গড় আয়ুষকাল বৃদ্ধি পাচ্ছে।

**গ** উদ্দীপকে উল্লিখিত ঘটনা–১ আন্তঃস্থানান্তরকে নির্দেশ করে। দেশের ভিতরে অনেক সময় এক এলাকার লোক অন্য এলাকায় গিয়ে স্থায়ীভাবে বসবাস করে তখন এটাকে বলে আন্তঃস্থানান্তর। তবে বাজার করা, অফিস ইত্যাদি উদ্দেশ্যে বিভিন্ন স্থানে যাতায়াত করাকে আন্তঃস্থানান্তর বলা যায় না। আন্তঃস্থানান্তর নানাভাবে ঘটে থাকে। যেমন : আন্তঃআঞ্চলিক স্থানান্তর অর্থাৎ একই অঞ্চলের মধ্যে স্থানান্তর। তাছাড়া গ্রাম থেকে গ্রামে, গ্রাম থেকে শহরে, শহর থেকে গ্রামের এবং শহর থেকে শহরে স্থানান্তর হয়ে থাকে অর্থনৈতিক উদ্দেশ্যেই মূলত আন্তঃস্থানান্তর হয়ে থাকে। উদ্দীপকে চৌধুরী এবং হালদার উভয় পরিবারই মফস্বল শহর থেকে জেলা শহর সিলেটে স্থায়ীভাবে বসবাস শুরব করে। তাই বলা যায় চৌধুরী পরিবার ও হালদার পরিবারের এ ধরনের স্থানান্তরমূলত আন্তঃস্থানান্তরকে নির্দেশ করে।

**ঘ** ঘটনা–২ –এর স্থানান্তরকে বহির্গমন বলা হয়। কেননা এখানে এক দেশের মানুষ অন্য দেশে গিয়ে বসবাস করছে। কিন্তু ঘটনা–২ এ উলিরখিত স্থানান্তরটি দেশের জনসংখ্যা হ্রাসের মুখ্য কারণ।' –বক্তব্যটিকে আমি সমর্থন করি। কোনো দেশ থেকে মানুষের অন্য দেশে গমনকে বহির্গমন বলে। ঘটনা–২ থেকে জানা যায় যে সৈয়দপুর, সোহাগীসহ পাশাপাশি কয়েকটি গ্রামের লোক প্রায় ১৫ বছর ধরে মধ্যপ্রাচ্যে বসবাস করছেন। এটা বহির্গমনেরই বহিঃপ্রকাশ। এ ধরনের বহির্গমনের কারণে জনসংখ্যা কমে যায়। যেমন : উদ্দীপকে বহির্গমনকারীদের ছেলেমেয়েদের অনেকেই এখনও পূর্বপুরবষদের জন্মস্থান দেখেনি এবং ভবিষ্যতে দেখার সুযোগ পাবে কিনা তাও নিশ্চিত করে বলা সম্ভব নয়। কিন্তু এভাবে কোনো দেশের জনসংখ্যা ব্যাপকভাবে হ্রাস পায় না। বরং শিৰা, সচেতনতা, সামাজিক অবস্থা, নারীদের ব্যাপক কর্মসংস্থান ইত্যাদি জনসংখ্যা হ্রাসে ব্যাপক ও গুরবত্বপূর্ণ ভূমিকা রাখে। এৰেত্রে আমাদের মতো দেশে শিৰা ও সচেতনতা জনসংখ্যা হ্রাসে মুখ্য ভূমিকা পালন করে। তাই বাস্তবতার নিরিখে আমার মত হচ্ছে, ঘটনা–২ এ উলিরখিত স্থানান্তর বা বহির্গমনের ফলে জনসংখ্যা হ্রাস পেলেও তা মুখ্য কারণ নয়।

**প্রশ্ন– ১ ▸▸**

ঝালকাঠির আসমাদের পরিবারের সদস্যসংখ্যা গত বছর ছিল সাত জন। বর্তমানে মাত্র তিনজন। আসমার দাদা মারা গিয়েছেন। বড় ভাই কিছুদিন আগে সিঙ্গাপুরে কাজের উদ্দেশ্যে গমন করেন। বড় বোনের বিয়ে হয়ে গেছে। সে এখন স্বামী নিয়ে ঢাকায় বসবাস করে। আরেক ভাই আরমান চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আবাসিক ছাত্র।

ক. জনসংখ্যা হ্রাস–বৃদ্ধির মুখ্য কারণ কোনটি? ১

খ. বাংলাদেশে নানা সময়ে জনসংখ্যা দ্বিগুণ হতে কত বছর লেগেছে? বর্ণনা কর। ২

গ. আসমার বড় বোন ও ভাই আরমান কী ধরনের স্থানান্তর করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ.উক্ত স্থানান্তরে এলাকার জনসংখ্যার পরিবর্তন ঘটলেও দেশের জনসংখ্যার পরিবর্তন ঘটে না– কারণ বিশেরষণ কর। ৪

**১ নং প্রশ্নের উত্তর**

**ক** জনসংখ্যা হ্রাস–বৃদ্ধির মুখ্য কারণ হচ্ছে জন্ম ও মৃত্যু।

**খ** ১৯৬১ সালে জনসংখ্যা ৫.৫২ কোটি এবং ১৯৯১ সালে তা বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ১১.১৫ কোটিতে। অর্থাৎ, দেশের জনসংখ্যা এই ৩০ বছরে ক্রমাগত বৃদ্ধি পেয়ে প্রায় দ্বিগুণ হয়েছে। অতীতে কিন্তু এত দ্রবত জনসংখ্যা বৃদ্ধি পেত না। ১৮৬০ সালে বাংলাদেশ ভূখন্ডে জনসংখ্যা ছিল মাত্র ২ কোটি। ১৯৪১ সালে তা হয়েছে ৪.২০ কোটি। অর্থাৎ ৮০ বছরে জনসংখ্যা দ্বিগুণ হয়েছে। তারও আগে দ্বিগুণ হতে সময় লেগেছে প্রায় দুশো বছর।

**গ** আসমার বড় বোন ও ভাই আরমান আন্তঃস্থানান্তর করেছে। দেশের ভিতর অনেক সময় এক এলাকার লোক অন্য এলাকায় গিয়ে স্থানীয়ভাবে বসবাস করে। এটাকে বলে আন্তঃস্থানান্তর। মানুষ নানাকারণে আন্তঃস্থানান্তর ঘটাতে বাধ্য হয়। যেমন : প্রাকৃতিক দুর্যোগজনিত কারণে মানুষ একজায়গা থেকে অন্য জায়গায় স্থানান্তর করে। আবার অনেক সময় অভাব অনটন ও দারিদ্র্যতার কারণেও মানুষ এক স্থান থেকে অন্য স্থানে ধাবিত হয়। তদ্রবপ উদ্দীপকেও দেখা যায়, আসমাদের বাড়ি ঝালকাঠি। আসমার বড় বোনের বিয়ে হয়ে যাওয়ায় ঝালকাঠি ছেড়ে ঢাকার স্থায়ী বাসিন্দা হয়েছে। আবার ভাই আরমান পড়াশোনা করার জন্য ঝালকাঠি থেকে চট্টগ্রামে স্থায়ীভাবে বসবাস করছে। সুতরাং দেশের ভিতরে তাদের ঝালকাঠি ছেড়ে অন্যত্র বসবাস আন্তঃস্থানান্তরকে নির্দেশ করে।

**ঘ** উক্ত স্থানান্তর তথা আন্তঃস্থানান্তরে এলাকার জনসংখ্যার পরিবর্তন ঘটলেও দেশের জনসংখ্যার পরিবর্তন ঘটে না। আন্তঃস্থানান্তরে যেখান থেকে স্থানান্তর ঘটে তথা প্রথম এলাকার জনসংখ্যা কমে যায় ও দ্বিতীয় এলাকার জনসংখ্যা বেড়ে যায়। যেমন : গ্রাম থেকে শহরে স্থানান্তরের কারণে শহরের জনসংখ্যা বাড়ছে। যার প্রভাব শহরবাসী অনুভব

করছে। আবার শহর থেকে গ্রামের স্থানান্তরের কারণে গ্রামের জনসংখ্যা বেড়ে যায়। এভাবে বাসস্থান পরিবর্তন বা স্থানান্তরের জন্য বিভিন্ন এলাকার জনসংখ্যার পরিবর্তন ঘটে। তেমনিভাবে উদ্দীপকে আসমার বড় বোন ও ভাই আরমানের স্থানান্তরে ঝালকাঠির জনসংখ্যা কমে ঢাকা ও চট্টগ্রামের জনসংখ্যা বেড়েছে। অর্থাৎ আন্তঃস্থানান্তরে এলাকার জনসংখ্যার পরিবর্তন ঘটলেও দেশের মোট জনসংখ্যার কোনো পরিবর্তন হয় না।

**প্রশ্ন- ২ ▸▸**

রফিক সাহেব ঢাকা শহরের স্থায়ী বাসিন্দা। বর্তমানে তিনি লৰ করেন, ঢাকা শহরে যানবাহনের সংখ্যা অনেক বেড়েছে। সেই সাথে বেড়েছে যানজট। এছাড়া বিভিন্ন যানবাহন, হাসপাতাল, ব্যাংক, বাজার প্রতিটি জায়গায় মানুষের ভিড় অনেক বেড়েছে। নামকরা শিৰাপ্রতিষ্ঠানে ভর্তি হতে ছেলেমেয়েদের অংশ নিতে হচ্ছে ভর্তিযুদ্ধে। [অন্নদা সরকারি উচ্চ বিদ্যালয়, ব্রাহ্মণবাড়িয়া]

ক. বর্তমানে বাংলাদেশের মানুষের গড় আয়ু কত বছর? ১

খ. দেশান্তর বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের রফিক সাহেব কোন বিষয়টি উপলব্ধি করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ.উক্ত বিষয়টি বিভিন্ন সমস্যা সৃষ্টি করে। বিশেৱষণ কর। ৪

**২ নং প্রশ্নের উত্তর**

**ক** বর্তমানে বাংলাদেশের মানুষের গড় আয়ু প্রায় ৭১ বছর।

**খ** দুই দেশের মধ্যে অধিবাসীদের স্থানান্তরকে দেশান্তর বলে। দেশান্তর দুই রকম। যেমন : বহিরাগমন এবং বহির্গমন। দেশের বাইরে থেকে দেশে লোকের আগমনকে বহিরাগমন বলে এবং দেশ থেকে দেশের বাইরে লোকের স্থানান্তরকে বহির্গমন বলে। বহিরাগমনের ফলে লোকসংখ্যা বেড়ে যায় এবং বহির্গমনের ফলে লোকসংখ্যা কমে যায়।

**গ** উদ্দীপকে রফিক সাহেব যে বিষয়টি উপলব্ধি করেছেন সেটি হচ্ছে জনসংখ্যা বৃদ্ধি। উদ্দীপকে বর্ণিত রফিক সাহেব ঢাকা শহরের স্থায়ী বাসিন্দা। বর্তমানে তিনি লৰ করেন, ঢাকা শহরে যানবাহনের সংখ্যাও সাথে সাথে বেড়েছে যানজট। এছাড়াও বিভিন্ন জায়গায় মানুষের ভিড় অনেক বেড়েছে। আবার মানসম্মত শিৰাপ্রতিষ্ঠানে ভর্তি হতে ছেলেমেয়েদের নানা প্রক্রিয়ায় অবতীর্ণ হতে হচ্ছে। সুতরাং উদ্দীপকের রফিক সাহেব জনসংখ্যা বৃদ্ধির বিষয়টি উপলব্ধি করেছেন। জনসংখ্যা বৃদ্ধির ফলে নানা রকম সমস্যা সৃষ্টি হচ্ছে। যেমন : ১. পরিবারের আয় অপরিবর্তিত থেকে লোকসংখ্যা ক্রমশ বৃদ্ধি পেলে পরিবারে অসচ্ছলতা দেখা দেয়। ২. নির্দিষ্ট আয়ের পরিবারে জনসংখ্যা বৃদ্ধি পেলে পরিবারের সদস্যদের মাথাপিছু আয় কমে যায়। ৩. সীমিত আয়ের পরিবারে জনসংখ্যা অধিক বৃদ্ধি পেলে পরিবারের জীবনযাত্রার মান হ্রাস পায়। ৪. পরিবারে জনসংখ্যার আধিক্যের কারণে অনেক সন্তানই শিৰার সুযোগ পায় না। ৫. নির্দিষ্ট আয়ের পরিবারে সন্তানের সংখ্যাবৃদ্ধির জন্য তারা পুষ্টিকর খাদ্য না। অতএব, উদ্দীপকের রফিক সাহেবের উপলব্ধিকৃত বিষয়টির সাথে যে পাঠ্যবইয়ের জনসংখ্যা বৃদ্ধির সামঞ্জস্য রয়েছে।

**ঘ** উক্ত সমস্যা হচ্ছে জনসংখ্যা বৃদ্ধি। জনসংখ্যা বৃদ্ধির এই সমস্যা সমাধানের নানারকম উপায় রয়েছে। যেমন : ১. বাল্যবিবাহ রোধ করার জন্য বিয়ের নূ্যনতম বয়স নির্ধারণের যে আইন করা হয়েছে (পুরবষের জন্য ২১ বছর এবং মেয়েদের জন্য ১৮ বছর) তা পুরোপুরি কার্যকর করতে হবে। ২. নারী সমাজের জন্য বিভিন্ন ধরনের উৎপাদনমুখী কর্মের সুযোগ সৃষ্টি করতে হবে। মহিলারা অধিক পরিমাণে উৎপাদনমুখী কাজকর্মে অংশগ্রহণ করলে স্বাভাবিকভাবেই জনসংখ্যা কমে যাবে। ৩. শিৰা মানুষকে সমাজসচেতন করে এবং জীবনযাত্রার উচ্চমান সম্পর্কে আগ্রহী করে। এজন্য সর্বজনীন ও বাধ্যতামূলক প্রাথমিক শিৰা প্রবর্তন করা হয়েছে। এ কর্মসূচি আরও জোরদার করতে হবে। ৪. ছেলেমেয়েদের শিৰাদান ও স্বাস্থ্য রৰার ব্যাপারে মা-বাবাকে সদা সচেতন থাকতে হবে। এই সচেতনতা আনার জন্য সামাজিকভাবে কর্মসূচি গ্রহণ করা প্রয়োজন। এই কর্মসূচিতে গণশিৰা ও বয়স্ক শিৰার গুরবত্ব, স্বাস্থ্যরৰার প্রাথমিক ধারণা, পরিবার- পরিকল্পনার প্রয়োজনীয়তা ইত্যাদি অন্তর্ভুক্ত থাকবে। ৫. ছোট পরিবারের উপকারিতা সম্বন্ধে জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধি করতে হবে। পরিশেষে বলা যায়, সকলের সচেতনতা ও কার্যকরি পদৰেপই পারে জনসংখ্যা বৃদ্ধি রোধ করতে।

**প্রশ্ন- ৩ ▸▸**

জীবননগর এলাকার প্রায় সাড়ে তিন শত যুবক বেকার জীবন কাটাচ্ছে। তাদেরই এলাকার একজন পরিশ্রমী, উদ্যোগী ও জীবনযুদ্ধে সফল মানুষ ইশতিয়াক চৌধুরী। তিনি এসব বেকার যুবকদের পরিবারের সমস্যা কমাতে এবং দেশের উন্নয়নকে ত্বরান্বিত করতে সম্পদে রূ পান্তরের উদ্যোগ গ্রহণ করেন।

ক. বাংলাদেশে প্রতিবছর প্রায় কত জন লোক বৃদ্ধি পাচ্ছে? ১

খ. নারী শিৰার প্রসার কীভাবে জনসংখ্যা বৃদ্ধি রোধে ভূমিকা রাখে? ২

গ. জীবননগর এলাকার বেকার যুবকদের ইশতিয়াক চৌধুরী কীভাবে সম্পদে পরিণত করতে পারেন? ব্যাখ্যা কর। ৩

ঘ.এসব বেকার যুবকরা দেশের অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখবে- বিশেৱষণ কর। ৪

**৩ নং প্রশ্নের উত্তর**

**ক** বাংলাদেশে প্রতিবছর প্রায় ১৯ লৰ লোক বৃদ্ধি পাচ্ছে।

**খ** নারীরা শিৰিত হলে তারা নিজেদের জীবন সম্পর্কে সচেতন হন। ছোট পরিবারের সুবিধা সম্পর্কে তাদের মাঝে ধারণা সৃষ্টি হয়। শিৰিত নারীরা নিজেদের উৎপাদনমুখী কাজে জড়িত রাখে। জীবনযাত্রার উঁচু মান সম্পর্কে তাদের মাঝে সচেতনতা সৃষ্টি হয়। ফলে শিৰিত নারীরা কম সন্তান গ্রহণ করে দেশের জনসংখ্যা বৃদ্ধি রোধে ভূমিকা রাখতে পারে।

**গ** জীবননগর এলাকার বেকার যুবকদের ইশতিয়াক চৌধুরী নানাভাবে সম্পদে পরিণত করতে পারেন। ইশতিয়াক প্রশিৰণের মাধ্যমে যুবকদের দৰ করে বিদেশে পাঠানোর উদ্যোগ নিতে পারেন দৰ জনসংখ্যাকেই জনসম্পদ বলে। জনসম্পদ হলো কোনো দেশের শ্রমশক্তি। একটি দেশের অর্থনৈতিক উন্নয়নের অন্যতম উপাদান হচ্ছে এই জনসম্পদ। তাই প্রবাসে আমাদের লৰ লৰ দৰ ও অদৰ জনশক্তি কাজ করছেন। তারা বিদেশে নানা পেশায় জড়িত রয়েছেন। তাছাড়া এসব যুবককে প্রশিৰণের মাধ্যমে ক্ষুদ্র বা কুটিরশিল্পের কাজে উদ্বুদ্ধ করতে পারেন। আবার কারিগরি প্রশিৰণ প্রদানের মাধ্যমে অদৰ জনসংখ্যাকে দৰ জনসম্পদে পরিণত করা সম্ভব। ইতিমধ্যেই বাংলাদেশের তরুণ প্রজন্ম আউটসোর্সিং এর মাধ্যমে নিজেদের স্বাবলম্বী করে তুলেছে। ইশতিয়াক প্রশৰণের মাধ্যমে এ ব্যবস্থার উন্নয়ন এভাবে ইশতিয়াক চৌধুরী জীবননগর এলাকার বেকার যুবকদের সম্পদে পরিণত করতে পারেন।

**ঘ** উদ্দীপকে বর্ণিত জীবননগর এলাকার বেকার যুবকরা যদি দৰ জনশক্তিতে রূ পান্তরিত হতে পারে তবে দেশের অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখবে। পৃথিবীর বহুদেশে মূলধন বা প্রাকৃতিক সম্পদ থাকলেও জনসম্পদের অভাব থাকায় দৰ জনসম্পদের প্রচুর চাহিদা রয়েছে। তাই জনগণ দৰ জনশক্তিতে পরিণত হলে তারা বিদেশে গিয়ে নানা পেশার সাথে নিজেদের জড়াতে পারেন এবং অনেক বৈদেশিক মুদ্রা অর্জন করতে সৰম হবেন। তাদের পাঠানো রেমিটেন্স দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরবত্বপূর্ণ ভূমিকা রাখবে। এছাড়া তারা আত্মকর্মসংস্থান তৈরির মাধ্যমে নিজেদের পরিবারের এবং সমাজের নানা প্রয়োজন পূরণ করতে পারবেন। এসব যুবক যদি নিজেরা স্বকর্মসংস্থান তৈরি করে নেয় তবে দেশ বেকারত্ব থেকে মুক্তি পাবে। ফলে দেশের অর্থনীতি সচল হবে। পরিশেষে বলা যায়, দৰ জনসম্পদ অর্থনৈতিক উন্নয়নের অন্যতম প্রধান ও অপরিহার্য শর্ত।

**প্রশ্ন– ৪ ▸▸**

রিপন যৌথ পরিবারের সন্তান। চার ভাই বোনের মধ্যে রিপনই অবিবাহিত। বড় ভাই দুই ছেলের জনক, মেজ ভাইয়ের একটি ছেলে সন্তান আছে, আবার কিছুদিনের মধ্যেই আর একজন কন্যা সন্তানের পিতা হতে চলেছেন। আর একমাত্র বোনকে বিয়ে দেওয়ায় সে পাশের উপজেলায় স্বামীর সংসারে বসবাস করে। রিপন চাকরি সুবাদে ঢাকায় থাকে। হঠাৎ তার নানার মৃত্যু সংবাদ পেয়ে সে বাড়িতে আসে। সে চিন্তা করে নানা চলে গেলেও প্রায় শতবর্ষী দাদাতো আমাদের মাঝে এখনও আছেন।

ক. বাংলাদেশের আয়তন কত? ১

খ. জনসংখ্যার পরিবর্তনশীলতা ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকটি জনসংখ্যার কোন দিকটিকে উপস্থাপন করে? ব্যাখ্যা কর। ৩

ঘ.তুমি কি মনে কর রিপনের দাদার মতো লোকের কারণেই আমাদের দেশের সীমিত সম্পদের ওপর চাপ সৃষ্টি হচ্ছে? উদ্দীপক ও পাঠ্যবইয়ের আলোকে বিশেৱষণ কর। ৪

**৪ নং প্রশ্নের উত্তর**

**ক** বাংলাদেশের আয়তন ১,৪৭,৫৭০ বর্গকিলোমিটার।

**খ** জনসংখ্যার পরিবর্তনশীল অবস্থাকে জনসংখ্যার পরিবর্তনশীলতা বলা হয়। জনসংখ্যার পরিবর্তশীলতা জন্মহার, মৃত্যুহার, স্থানান্তর ও সামাজিক গতিশীলতার ওপর নির্ভর করে। জনসংখ্যা পরিবর্তনের এই বিষয়গুলো আবার বয়স, লিঙ্গ, বিবাহ, সমাজ কাঠামো, ধর্মীয় মূল্যবোধ, শিৰা, পেশার প্রকৃতির ওপর নির্ভরশীল। সুতরাং, জনসংখ্যার পরিবর্তনশীলতা বলতে জনসংখ্যার কাঠামোগত পরিবর্তনকে বোঝায়।

**গ** উদ্দীপকে জনসংখ্যার পরিবর্তশনীলতাকে উপস্থাপন করা হয়েছে। জনসংখ্যার পরিবর্তনশীল অবস্থাকে জনসংখ্যার পরিবর্তনশীলতা বলা হয়। পরিবর্তনশীল জনসংখ্যার অন্যতম বৈশিষ্ট্য হলো জনসংখ্যার পরিবর্তন জন্মহার, মৃত্যুহার, বিবাহ, স্থানান্তর ও সামাজিক গতিশীলতার ওপর নির্ভর করে। যেমন : জন্মহার বেড়ে গেলে জনসংখ্যা বাড়ে আবার মৃত্যুহার বেড়ে গেলে জনসংখ্যা কমে। বিয়ে ও বিয়ের বয়সের বিচারে জনসংখ্যা হ্রাস–বৃদ্ধি ঘটে। অপরদিকে বয়সকাঠামোও জনসংখ্যা হ্রাস–বৃদ্ধিতে ভূমিকা রাখে। প্রাপ্তবয়স্ক লোক যেখানে বেশি সেখানে জন্মহার বেশি হয়। আবার স্থানান্তর প্রক্রিয়ার ফলে কোনো এলাকার জনসংখ্যার তারতম্য ঘটতে পারে। যেখান থেকে জনসংখ্যা চলে যায় সেখানে জনসংখ্যা কমে আর যেখানে স্থানান্তরিত হয় সেখানে জনসংখ্যা বেড়ে যায়। উদ্দীপকে রিপনের বড় ভাইয়েরা বিয়ে করার ফলে তাদের পরিবারে জনসংখ্যা বাড়ে আবার একমাত্র বোনের বিয়ে দেয়ার ফলে জনসংখ্যা কমে। রিপন চাকরির সুবাদে অভ্যন্তরীনভাবে স্থানান্তরিত হয়। তার নানার মৃত্যু ও শতবর্ষী দাদার বেঁচে থাকা জন্মমৃত্যুহারের তারতম্যের অন্যতম কারণ। উপরের আলোচনায় জনসংখ্যার বিভিন্ন কাঠামোর পরিবর্তনের ফলেই জনসংখ্যার পরিবর্তন হয়। ফলে উদ্দীপকে জনসংখ্যার পরিবর্তনশীলতাকেই উপস্থাপন করে।

**ঘ** আমি মনে করি, রিপনের দাদার মত লোকের কারণেই আমাদের দেশের সীমিত সম্পদের ওপর চাপ সৃষ্টি হচ্ছে। যেসব দেশে মানুষের চেয়ে প্রাকৃতিক সম্পদের পরিমাণ কম হয় সেসব দেশে প্রাকৃতিক সম্পদের ওপর বাড়তি চাপ সৃষ্টি হয়। বাংলাদেশের মানুষের গড় আয়ু বৃদ্ধি পাওয়ায় দেশে মৃত্যুহার হ্রাস পেয়েছে। মৃত্যুহার হ্রাস পাওয়ায় বৃদ্ধ জনসংখ্যার হার দ্রবত বৃদ্ধি পায়, যারা নির্ভারশীল জনসংখ্যা হিসেবে বিবেচিত হয়। এসব নির্ভরশীল জনসংখ্যা উৎপাদশীল কাজে সম্পৃক্ত থাকে না। তাদের ভরণপোষণের জন্য পরিবা ও রাষ্ট্রের অনেক অর্থ খরচ করতে হয়। নির্ভরশীল জনগণের চাহিদা মেটাতে পরিবার ও রাষ্ট্রকে অতিরিক্ত চাহিদার সম্মুখীন হতে হয়। যার ফলে উৎপাদন বাড়ে। আর এই বর্ধিত উৎপাদন প্রক্রিয়ার জন্য কাঁচামাল হিসেবে প্রাকৃতিক সম্পদ ব্যবহারের প্রয়োজন পড়ে। তাই প্রকৃতির উপর পড়ে বাড়তি চাপ। তাই

একটি দেশে যদি নির্ভরশীল জনসংখ্যার পরিমাণ বেড়ে যায় তবে প্রাকৃতিক সম্পদের উপর চাপ সৃষ্টি হয়। উপরোক্ত আলোচনার প্রেৰিতে বলা যায়, রিপনের দাদার মত নির্ভরশীল জনসংখ্যা দেশের সীমিত সম্পদের ওপর চাপ সৃষ্টি করছে।

**প্রশ্ন– ৫ ▸▸**

সাদ্দাম পল্টন মোড় থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহিদুলরাহ হলে যাবার জন্য রিকশা ঠিক করে রওনা দিল। চলতি পথে রিকশাওয়ালাকে সাদ্দাম জিজ্ঞাসা করল, চাচা গ্রামের বাড়ি কোথায়? জবাবে সে বলল, কুড়িগ্রাম। সে আরো বলে, নদীতে ঘরবাড়ি বিলিন হওয়ায় পরিবার নিয়ে মালিবাগ বস্তিতে থাকি। সাদ্দামের মনে পড়ে, কাল সকালে গাবতলী যেতে হবে আব্বাকে আনতে। সে এও ভাবে আব্বার ব্যবসায়ের কাজ শেষ হলে তাকে ডাক্তার দেখাতে হবে।

ক. কীসের ওপর স্থুল জন্মহার নির্ভর করে? ১

খ. একটি দেশের জন্য আন্তর্জাতিক স্থানান্তর গুরবত্বপূর্ণ কেন? ২

গ. উদ্দীপকে জনসংখ্যার কোন ধরনের স্থানান্তর ঘটতে দেখা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ.উক্ত স্থানান্তরের ফলাফল মূল পাঠের আলোকে বিশেরষণ কর। ৪

**৫ নং প্রশ্নের উত্তর**

**ক** ছেলে ও মেয়েদের বিয়ের বয়সের ওপর স্থুল জন্মহার নির্ভর করে।

**খ** একটি দেশের সামগ্রিক কাঠামোগত আন্তর্জাতিক স্থানান্তরের গুরবত্ব অপরিসীম। সাধারণত চাকরি, ব্যবসা–বাণিজ্য, শিৰা ইত্যাদি কারণে এক দেশের মানুষ অন্যদেশে স্থায়ী ও অস্থায়ীভাবে স্থানান্তর করে। এর ফলে প্রথম দেশটির জনসংখ্যা কমে যাবে যার ফলে জনসংখ্যাজনিত নানা সমস্যা হতে দেশটি রৰা পাবে। উপরন্তু তাদের পাঠানো রেমিটেন্সের ফলে দেশ অর্থনৈতিকভাবে সমৃদ্ধ হয়।

**গ** উদ্দীপকে জনসংখ্যার অভ্যন্তরীণ স্থানান্তর ঘটতে দেখা যায়। দেশের ভিতরে যখন মানুষ এক স্থান হতে অন্য স্থানে গমন করে তখন তাকে অভ্যন্তরীণ স্থানান্তর বলা হয়। অভ্যন্তরীণ স্থানান্তর প্রক্রিয়ায় আইন বা অনুমতির প্রয়োজন হয় না বলে এ ধরনের স্থানান্তর অবাধে হয়। নানাবিধ কারণে অভ্যন্তরীণ স্থানান্তর ঘটে তবে এর বেশিরভাগই অর্থনৈতিক কারণ। কর্মসংস্থানের অভাব, প্রাকৃতিক দুর্যোগ, ব্যবসা, উন্নত চিকিৎসা গ্রহণের কারণে মানুষ অভ্যন্তরীণভাবে স্থানান্তর হয়। নদীভাঙন এলাকার লোক ভিটে–মাটি হারিয়ে বাঁচার তাগিতে গ্রাম থেকে শহরে আসে। উদ্দীপকের রিকশা চালকও নদীভাঙনের শিকার হয়ে শহরে এসে রিকশা চালিয়ে জীবিকা নির্বাহ করছে। গ্রামে উৎপাদিত বিভিন্ন দ্রব্য সামগ্রী বিক্রি করার জন্য অথবা শহর থেকে মালামাল ক্রয় করে গ্রামে বিক্রি করার জন্যও মানুষ গ্রাম থেকে শহরে অথবা শহর থেকে গ্রামে স্থানান্তরিত হয়। উদ্দীপকে সাদ্দামের বাবা ব্যবসায়িক কাজে ঢাকা আসেন এবং কাজ শেষে উন্নত চিকিৎসা গ্রহণ করেন। অর্থাৎ, উন্নত চিকিৎসা সেবা পেতেও মানুষ উপজেলা থেকে জেলায়, জেলা থেকে বিভাগ, বিভাগ থেকে রাজধানী শহরে আসে। তাদের এ ধরনের গমনও অভ্যন্তরীণ স্থানান্তরের অন্তর্ভুক্ত। পরিশেষে বলা যায়, দেশের মধ্যে বিভিন্ন স্থানে গমনের মাধ্যমে যে অভ্যন্তরীণ স্থানান্তর ঘটে উদ্দীপকটি তা সুন্দরভাবে ফুটিয়ে তুলতে সৰম হয়েছে।

**ঘ** বাংলাদেশে অভ্যন্তরীণ স্থানান্তরের সুফল ও কুফল দুটিই রয়েছে। অভ্যন্তরীণ স্থানান্তর প্রক্রিয়ায় শ্রমের বিভাজন ঘটে। চাকরি, ব্যবসা–বাণিজ্য ও উৎপাদন প্রক্রিয়ায় শ্রমের সুষ্ঠু বণ্টন অর্থনৈতিক উন্নয়নকে ত্বরান্বিত করে। অভ্যন্তরীন স্থানান্তরের কারণে সবচেয়ে বেশি উপকৃত হয় গ্রামীণ দরিদ্র নারীরা, কর্মসংস্থানের সুযোগ লাভের মাধ্যমে তারা পরিবারের বোঝা না হয়ে অর্থনৈতিক কর্মকাণ্ডে নিজেকে সম্পৃক্ত করছে। বাংলাদেশের পোশাক শিল্প এর প্রকৃষ্ট উদাহরণ। শহরে স্থানান্তরিত পরিবারের সদস্যরা গ্রামে টাকা পাঠিয়ে গ্রামীণ অর্থনীতি সচল রাখতে সহায়তা করছে। অভ্যন্তরীণ স্থানান্তরের সুফলের পাশাপাশি এর বহুবিধ কুফলও রয়েছে। অভ্যন্তরীণ স্থানন্তরের ফলে শহরের জনসংখ্যা বেড়ে যায়, শহরে বস্তির সংখ্যা বেড়ে যায়। শহরের মানুষের মৌলিক চাহিদার ও ঘাটতি দেখা দেয়। অপরাধ প্রবণতা, চোরাচালান, মাদকব্যবসা, নারী ও শিশু পাচারসহ নানাবিধ অপরাধ বেড়ে যায়। এছাড়াও নিত্যপ্রয়োজনীয় নিজিসপত্রের মূল্য বৃদ্ধি পায়। সর্বোপরি, শহুরে পরিবেশ বিপর্যস্ত হয়ে পড়ে। পরিশেষে বলা যায়, অভ্যন্তরীণ স্থানান্তরের বহুবিধ কুফল থাকলেও এ ধরনের স্থানান্তর অর্থনীতিকে সচল করে আয় ও সঞ্চয় বাড়ায়, যার ফলে বিনিয়োগ ৰমতা বাড়ে। যা দেশের অর্থনৈতিক উন্নয়নে সহায়ক ভূমিকা পালন করে।

**প্রশ্ন– ৬ ▸▸**

রাব্বি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে গত বছর রাষ্ট্রবিজ্ঞানে প্রথম শ্রেণিতে পাস করে বের হন। ঐ বছর থেকেই তিনি সরকারি প্রথম শ্রেণির চাকরির জন্য আপ্রাণ চেষ্টা চালিয়েও চাকরি প্রাপ্তিতে ব্যর্থ হন। এ কারণে গত দু'মাস আগে সে স্টুডেন্ট ভিসায় আমেরিকায় যান। সেখানে সে উচ্চ শিৰা অর্জনের পাশাপাশি পার্টটাইম কাজের মাধ্যমে ভালো আয় করেন। তার স্ত্রী চিন্তা করে, কিছুদিন পর সে আমেরিকায় গিয়ে স্বামীর সাথে একসাথে বসবাস করবে এবং নাগরিকতা অর্জনের চেষ্টা করবে। আর রাব্বির পাঠানো টাকায় তার পরিবার সচ্ছল জীবনযাপন করে।

ক. শহরের জনসংখ্যা বাড়ছে কেন? ১

খ. প্রবাসীরা আমাদের বৈদেশিক অর্থ–উপার্জনের ৰেত্রে উলেরখযোগ্য অবদান রাখছে– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে আন্তর্জাতিক স্থানান্তরের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ.তুমি কি মনে কর রাব্বির আমেরিকা গমন তার দেশের অর্থনৈতিক অবস্থার পরিবর্তন ঘটাবে? যুক্তি দাও। ৪

**৬ নং প্রশ্নের উত্তর**

**ক** অভ্যন্তরীণ স্থানান্তরের ফলে শহরের জনসংখ্যা বাড়ছে।

**খ** প্রবাসে আমাদের দেশের কয়েক লৰ লোক দৰ ও অদৰ শ্রমিক হিসেবে কাজ করছেন। তাছাড়া আমাদের দেশের বিভিন্ন পেশাজীবীও বিদেশে কর্মরত আছেন। তারা যে বিপুল পরিমাণ অর্থ দেশে প্রেরণ করছেন তা আমাদের বৈদেশিক অর্থ উপার্জনের ৰেত্রে উলেৱখযোগ্য অবদান রাখছে।

**গ** উদ্দীপকে আন্তর্জাতিক স্থানান্তরের কারণগত দিকটি ফুটে উঠেছে। একটি দেশ থেকে অন্য একটি স্বাধীন দেশে চাকরি, বিয়ে, বসবাস এমনকি নাগরিকতা লাভের জন্য গমন করাকে আন্তর্জাতিক স্থানান্তর বলে। আমাদের দেশের মানুষ বিভিন্ন কারণে বিদেশে স্থানান্তরিত হয়ে থাকে। যেমন : কর্মৰেত্রের অভাব, কর্মসংস্থানের ৰেত্রে তীব্র প্রতিযোগিতা, রাজনৈতিক আশ্রয়, জলবায়ুর প্রতিকূল পরিবেশ প্রভৃতি কারণে মানুষ প্রতিবছর স্থানান্তরিত হয়। তাছাড়া অনেকে পারিবারিক নৈকট্য লাভের জন্য বিদেশে স্থানান্তরিত হয়। আবার কেউ কেউ নাগরিকত্ব লাভ, ব্যবসা–বাণিজ্যে বিনিয়োগ, চাকরি ৰেত্রে বদলি ও পদোন্নতি, সাংস্কৃতিক কর্মকান্ড এবং পেশাজীবী হিসেবে বিদেশে স্থানান্তরিত হয়। তদ্রূপ উদ্দীপকেও লৰ করা যায় যে, রাব্বি দেশের সেরা বিদ্যাপিঠ থেকে ভালো ফলাফল নিয়ে লেখাপড়া শেষ করেও কোনো চাকরি পাচ্ছেনা। অবশেষে সে বিদেশে গমন করতে বাধ্য হয়। রাব্বির এ ঘটনা আন্তর্জাতকি স্থানান্তরকে ত্বরান্বিত করে। অতএব বলা যায় যে, উদ্দীপকে উলিৱখিত রাব্বির ঘটনা পাঠ্যবইয়ের আলোচিত আন্তর্জাতিক স্থানান্তরের কারণকেই নির্দেশ করে।

**ঘ** হ্যাঁ, আমি মনে করি, রাব্বির আমেরিকা গমন অবশ্যই তার দেশের অর্থনৈতিক অবস্থার পরিবর্তন ঘটাবে। উদ্দীপকে রাব্বির দেশ হচ্ছে বাংলাদেশ। বাংলাদেশ থেকে আন্তর্জাতিক স্থানান্তরের সুফল অনেক। বিদেশ থেকে পাঠানো টাকা এদেশের কৃষি, শিল্প, ব্যাংকিং সেবাখাত, গার্মেন্টস শিল্প ও নানা ধরনের লাভজনক খাতে বিনিয়োগ করা হয়। এর ফলে দেশে বিভিন্ন ৰেত্রে উৎপাদন বৃদ্ধি পায়। আবার এ উৎপাদন বিদেশেও রপ্তানি করা হয়। তাছাড়া চাকরি ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়। এতে আমাদের জীবন–জীবিকার উন্নয়ন ঘটে। একটু লৰ করলে দেখা যায় যে, বাংলাদেশের শহরগুলোতে দশ বছর আগেও এত বাড়ি, প্রতিষ্ঠান, মার্কেট ছিল না। ক্রমেই এগুলো বাড়ছে। এর পেছনে বিদেশ থেকে প্রেরিত অর্থ পরোৰভাবে ব্যাপক ভূমিকা পালন করছে। তেমনিভাবে উদ্দীপকের রাব্বিও আমেরিকা গমন করে প্রচুর টাকা উপার্জন করে এবং তার পাঠানো টাকায় তার পরিবার সুন্দরভাবে জীবনযাপন করছে। রাব্বির এ ধরনের কর্মকাণ্ডে শুধু তার পরিবারই নয় সামগ্রিকভাবে পুরো দেশই উপকৃত হয়। পরিশেষে বলা যায় যে, উদ্দীপকের রাব্বির আন্তর্জাতিক স্থানান্তরের ফলে তার দেশ তথা বাংলাদেশ অর্থনৈতিকভাবে ব্যাপক সমৃদ্ধি অর্জন করেছে।

**প্রশ্ন– ৭ ▸▸**

প্রেৰাপট–১ : ষোল বছর বয়সি রৰবিনা বিয়ের এক বছরের মাথায় অন্তঃসত্ত্বা হয়। দেখতে দেখতে তার সন্তান প্রসবের সময় হয়ে আসে। সন্তান প্রসবকালে তার মৃত্যু হয়। ডাক্তার জানায়, অপরিণত বয়সে সন্তান ধারণ এবং পুষ্টির অভাবেই তার এরূ প পরিণতি হয়েছে।

প্রেৰাপট–২ : প্রত্যন্ত গ্রামাঞ্চলের রহমত মিয়ার মেয়ে সালমা বাবার বাড়ি আসে সন্তান প্রসবের জন্য। হঠাৎ এক রাতে তার প্রসব বেদনা ওঠে। এ সময় প্রৰিণহীন এক ধাত্রীর সহায়তায় সালমা একটি পুত্র সন্তান প্রসব করে। কিন্তু দুঃখজনক হলো সন্তানটি ছিল মৃত।

ক. হিসাব অনুযায়ী বাংলাদেশে প্রতি বছর কতজন লোক মৃত্যুবরণ করছে? ১

খ. কোন স্থানান্তরের ফলে দেশে মোট জনসংখ্যার কোনো পরিবতন হয় না? ব্যাখ্যা কর। ২

গ. প্রেৰাপট–১ এ পাঠ্যবইয়ের কোন বিষয়টি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ.তুমি কি মনে কর প্রেৰাপট–২ এ সালমার মৃত সন্তান প্রসবের ৰেত্রে প্রশিৰণহীন ধাত্রীই এককভাবে দায়ী? মতামত দাও। ৪

**৭ নং প্রশ্নের উত্তর**

**ক** হিসাব অনুযায়ী বাংলাদেশে প্রতি বছর ৬ লৰ লোক মৃত্যুবরণ করছে।

**খ** অভ্যন্তরীন স্থানান্তরের ফলে দেশের জনসংখ্যার কোনো পরিবর্তন হয় না। দেশের ভিতর যখন এক এলাকার লোক অন্য এলাকায় গিয়ে স্থায়ীভাবে বসবাস করে তখন তাকে অভ্যন্তরীণ স্থানান্তর বলে। অভ্যন্তরীণ স্থানান্তরের ফলে প্রথম এলাকার জনসংখ্যা কমে যায় এবং দ্বিতীয় এলাকায় জনসংখ্যা বেড়ে যায়। তবে দেশের মোট জনসংখ্যার কোনো পরিবর্তন হয়না।

**গ** প্রেৰাপট–১ –এ মাতৃমৃত্যুর কারণ বিষয়টি ফুটে উঠেছে। মায়েরা সন্তান প্রসবের পূর্বে এবং প্রসব পরবর্তী সময়ে শারীরিক কিংবা অন্যান্য কারণে মৃত্যুবরণ করলে তাকে মাতৃমৃত্যু বলা হয়। আমাদের দেশে মাতৃমৃত্যুর বহুবিধ কারণ রয়েছে। এদেশে মাতৃমৃত্যুর উলেৱখযোগ্য কারণ হলো বাল্যবিবাহ। বাল্যবিবাহের ফলে নারীরা অল্পবয়সে গর্ভধারণ করে। অল্প বয়স ও অপুষ্টির কারণে গর্ভবতী মায়েরা নানাবিধ শারীরিক সমস্যার শিকার হয়। এছাড়াও অজ্ঞতা, অবহেলা ও ধর্মীয় নানা গোড়ামির কারণে মায়েরা গর্ভকালীন সময়ে সঠিক পুষ্টি পায়না। ফলে মাতৃত্বকালীন নানা জটিলতায় ভোগে এবং মৃত্যুবরণ করে। প্রসব পূর্ব বিভিন্ন সচেতনতার অভাব যেমন : নিয়মিত স্বাস্থ্য পরীৰা, পুষ্টিকর খাবারের নিয়মাবলি, প্রসবকালীন সময়ের সতর্কতা ইত্যাদির অভাবেও একজন প্রসূতি মা মৃত্যুবরণ করে। সাধারণত আমাদের দেশের মানুষের নিম্ন জীবনযাত্রার ফলে, নারী শিৰার অভাবে, চিকিৎসার অভাবে দিন দিন মাতৃমৃত্যুহার বাড়ছে। উদ্দীপকে রৰবিনারও ষোলো বছর বয়সে বিয়ে হয় এবং সে অন্তঃসত্ত্বা হয়। যার ফলে গর্ভকালীন অপুষ্টি ও অসচেতনতার কারণে প্রসবকালে তার মৃত্যু হয়। তাই বলা যায়, উদ্দীপকে মাতৃমৃত্যুর কারণ সম্পর্কে আলোকপাত করা হয়েছে।

**ঘ** আমি মনে করি, সালমার মৃত সন্তান প্রসবের ৰেত্রে শুধুমাত্র প্রশিৰণহীন ধাত্রীই একমাত্র দায়ী নয়। বাংলাদেশে প্রসবকালীন শিশু মৃত্যুর বহুবিধ কারণ রয়েছে। বাংলাদেশে অধিকাংশ মানুষ দারিদ্র্যসীমার নিচে বসবাস করায় একজন প্রসূতি মা তার গর্ভকালীন সময়ে সুষ্ঠু পরিচর্যা পায় না। দারিদ্র্যতার কারণে পুষ্টিকর খাবার ও

স্বাস্থ্যসেবা হতে বঞ্চিত হয়। অন্যদিকে গ্রামীণ দরিদ্র পরিবারগুলোতে ১৮ থেকে ২৩ বছর বয়সের মধ্যে একটা বিরাট সংখ্যক মেয়ের বিবাহ হয়ে যায়, যার ফলে অল্পবয়সে সন্তান ধারণ করায় মা ও গর্ভের শিশু দুর্বল ও পুষ্টিহীনতায় ভোগে। মায়ের অপুষ্টি ও অসুস্থতার কারণে অনেক সময় শিশুর অপুষ্টিতে ভোগে। এই অপুষ্টির কারণে বিভিন্ন রোগ হয়। ফলে অনেক শিশু ভূমিষ্ঠ হবার আগেই মৃত্যুবরণ করে। প্রসবকালীন সময়ে মায়ের পরিচর্যা ও পুষ্টিকর খাবার সম্পর্কে অসচেতনতা ও যথাযথ জ্ঞানের অভাবে গর্ভের শিশু সঠিকভাবে বেড়ে উঠতে পারে না, যার ফলে অকাল গর্ভপাত ও প্রসবকালীন সময়ে শিশুর মৃত্যুর হার বেড়ে যায়। উপরিউক্ত আলোচনার পরিপ্রেৰিতে বলা যায়, সালমার মৃত সন্তান প্রসবের ৰেত্রে প্রশিৰণহীন ধাত্রীই একমাত্র কারণ নয়।

**প্রশ্ন– ৮ ▸▸**

| ছক – A | ছক – B |
|---|---|
| ✶ কাঠজাত দ্রব্য তৈরি<br>✶ জ্বালানি হিসেবে কাঠের ব্যবহার<br>✶ চাষযোগ্য জমিতে ঘরবাড়ি তৈরি<br>✶ কলকারখানা তৈরি | ✶ বিদ্যুত শক্তি উৎপাদন<br>✶ ইউরিয়া সার উৎপাদন<br>✶ পানি দুষণ<br>✶ প্রাকৃতিক দুর্যোগ |

ক. প্রাকৃতিক সম্পদের ওপর কীসের চাপ পড়ছে? ১

খ. কীভাবে বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধি পাচ্ছে? ২

গ. প্রদত্ত ছক 'A' বাংলাদেশের প্রাকৃতিক সম্পদের ওপর জনসংখ্যার প্রভাব নির্দেশ করে। ব্যাখ্যা কর। ৩

ঘ.ছক 'A' এর মতো ছক 'B' ও বাংলাদেশের প্রাকৃতিক সম্পদের ওপর জনসংখ্যার প্রভাবেরই বহিঃপ্রকাশ। পাঠ্যবইয়ের আলোকে মতামত দাও। ৪

**৮ নং প্রশ্নের উত্তর**

**ক** প্রাকৃতিক সম্পদের ওপর জনসংখ্যার চাপ পড়ছে।

**খ** জনসংখ্যা বৃদ্ধির প্রধান কারণ হলো জন্মহার ও মৃত্যুহারে ব্যবধান। এদেশে প্রতিবছর জন্ম নিচ্ছে ২৫ লৰ শিশু এবং মৃত্যুবরণ করছে সকল বয়সের প্রায় ৬ লৰ লোক। ফলে প্রতিবছর জনসংখ্যা বৃদ্ধি পাচ্ছে ১৯ লৰ। অতএব, যখন জন্মহার মৃত্যুহারের চেয়ে বেশি হয় তখনই জনসংখ্যা বৃদ্ধি পায়।

**গ** প্রদত্ত ছক 'A' তে লৰ করা যায়, বাংলাদেশের প্রাকৃতিক সম্পদের ওপর জনসংখ্যা ব্যাপকভাবে প্রভাব বিস্তার করছে। বাংলাদেশের জনসংখ্যা দ্রবত গতিতে বৃদ্ধি পাওয়ায় বিপুল জনসংখ্যার বিরাট চাহিদা পূরণ করতে হিমশিম খেতে হচ্ছে। এ চাহিদা পূরণে ব্যাপকহারে ব্যবহার করা হচ্ছে প্রাকৃতিক সম্পদ। এ কারণে প্রাকৃতিক সম্পদের ওপর জনসংখ্যার চাপ বেড়ে যাচ্ছে। বাংলাদেশের বিশাল জনগোষ্ঠীর আবাসন সংকট মারাত্মক আকার ধারণ করছে। এ সমস্যা নিরসনের জন্য ঘর–বাড়ি নির্মাণসহ অন্যান্য কাজে ব্যাপক হারে কাঠ ও কাঠজাত দ্রব্য ব্যবহৃত হওয়ায় বনজ সম্পদের ওপর চাপ বৃদ্ধি পাচ্ছে। এছাড়াও বিভিন্ন অবকাঠামো নির্মাণের জন্যও বনজ সম্পদের ওপর নির্ভর করতে হয়। আবার অধিক জনসংখ্যার কারণে কর্ষণযোগ্য ভূমি ঘরবাড়ি নির্মাণের জন্য ব্যবহৃত হচ্ছে। পাশাপাশি ব্যবসা–বাণিজ্যের প্রসার, শিল্পায়ন ও নগরায়নজনিত কারণেও কৃষি জমি হ্রাস পাচ্ছে। তদ্রবপ উদ্দীপকেও আমরা দেখতে পাইই বিভিন্ন প্রাকৃতিক সম্পদের ওপর জনসংখ্যার মারাত্মক প্রভাব। অতএব, প্রদত্ত ছক 'A' এর নির্দেশিত বিষয়টি বাংলাদেশের প্রাকৃতিক সম্পদের ওপর বিপুল জনসংখ্যার মারাত্মক প্রভাবকে প্রতিফলিত করে।

**ঘ** প্রদত্ত ছক 'B'তেও ছক 'A' এর মতো বাংলাদেশের প্রাকৃতিক সম্পদের ওপর জনসংখ্যার চাপ সৃষ্টির বহিঃপ্রকাশ ঘটেছে। বাংলাদেশে বিপুল জনসংখ্যার চাহিদা পূরণের জন্য উৎপাদন করা হচ্ছে প্রয়োজনীয় পণ্যসামগ্রী। কাঁচামাল ও জ্বালানি হিসেবে ব্যবহৃত হচ্ছে কাঠ, প্রাকৃতিক গ্যাস, তেল প্রভৃতি। এছাড়াও এদেশের বিদ্যুত শক্তি উৎপাদনে প্রয়োজন হয় প্রাকৃতিক গ্যাস ও কয়লা। আবার ইউরিয়া সার উৎপাদনে প্রায় শতকরা ৬০ ভাগের অধিক প্রাকৃতিক গ্যাস ব্যবহৃত হয়। এছাড়া সিএনসিচালিত যানবাহনগুলোতেও ব্যবহৃত হয় গ্যাস। এসব কারণে গ্যাসের ওপর জনসংখ্যার চাপ বৃদ্ধি পাচ্ছে। তেমনিভাবে বাংলাদেশের কলকারখানার বজ্য পদার্থ পানি সম্পদকে নানাভাবে দুষিত করছে। এতে সুস্বাদু পানির অভাব দেখা দিচ্ছে। পানিতে বসবাসকারী মৎস্যসম্পদ ধ্বংস হয়ে যাচ্ছে। এছাড়া এই পানি নদী দিয়ে সাগরে মিশে সাগরের পানিও নষ্ট করছে। ফলে নানারকম প্রাকৃতিক দুর্যোগ সৃষ্টি হচ্ছে। সর্বোপরি বলা যায়, প্রদত্ত ছক 'A' ও 'B' এর মতো বাংলাদেশের বিভিন্ন প্রাকৃতিক সম্পদের ওপর বিভিন্নভাবে জনসংখ্যার ব্যাপক চাপ লৰ করা যায়।

**■ অনুশীলনের জন্য সৃজনশীল প্রশ্নব্যাংক (উত্তরসংকেতসহ)**

**প্রশ্ন– ৯ ▸▸**

| | |
|---|---|
| ১৯৬১ | ৫.৫২ কোটি |

| | |
|---|---|
| ১৯৭৪ | ৭.৬৪ কোটি |
| ১৯৮১ | ৮.৯৯ কোটি |
| ১৯৯১ | ১১.১৫ কোটি |
| ২০০১ | ১২.৯৩ কোটি |
| ২০১১ | ১৪.৯৭ কোটি |

ক. বাংলাদেশে প্রতি বর্গকিলোমিটারে কতজন লোক বাস করে? ১
খ. জনসংখ্যা বৃদ্ধির প্রধান কারণ কী? ব্যাখ্যা কর। ২
গ. ছকে কী প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ছকের তথ্যাবলির উৎস হিসেবে আদমশুমারির গুরবত্ব বিশেরষণ কর। ৪

**৯ নং প্রশ্নের উত্তর**

**ক** বাংলাদেশে প্রতি বর্গকিলোমিটারে ১০১৫ জন লোক বাস করে।

**খ** জনসংখ্যা বৃদ্ধির প্রধান কারণ হলো জন্মহার ও মৃত্যুহারের ব্যবধান। এদেশে প্রতিবছর জন্ম নিচ্ছে ২৫ লৰ শিশু এবং মৃত্যুবরণ করছে সকল বয়সের প্রায় ৬ লৰ লোক। ফলে প্রতিবছর জনসংখ্যা বৃদ্ধি পাচ্ছে ১৯ লৰ। অতএব, যখন জন্মহার মৃত্যুহারের চেয়ে বেশি হয় তখনই জনসংখ্যা বৃদ্ধি পায়।

***X-clusive লিংক*** : *প্রয়োগ (গ) ও উচ্চতর দৰতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–*

**গ** বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধির হার উলেরখ কর।

**ঘ** বাংলাদেশের আদমশুমারির গুরবত্ব বিশেরষণ কর।

**প্রশ্ন– ১০ ▸▸**

পরিবারে লোকসংখ্যা বৃদ্ধি পেলে মাথাপিছু আয় কমে যায়। এতে পরিবারে অসচ্ছলতা দেখা দেয়, পরিবারের জীবনযাত্রার মানও হ্রাস পায়।

ক. ছেলে ও মেয়েদের বিবাহের ৰেত্রে ন্যূনতম বয়স কত? ১
খ. আদমশুমারি বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে কোন বিষয়টির ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত বিষয়ের সমাধান আলোচনা কর। ৪

**১০ নং প্রশ্নের উত্তর**

**ক** ছেলেদের বিবাহের বয়স ২১ বছর আর মেয়েদের বিবাহের বয়স ১৮ বছর।

**খ** 'আদম' অর্থ মানুষ এবং 'শুমারি' অর্থ গণনা। অর্থাৎ আদমশুমারির অর্থ হলো জনসাধারণকে গণনা। নির্দিষ্ট সময়ের ব্যবধানে সাধারণত ১০ বছর অন্তর আদমশুমারি পরিচালনা করা হয়। আদমশুমারিতে শুধুমাত্র মানুষ গণনাই করা হয় না বরং মানুষের বয়স, নারী-পুরবষ, শিৰাগত যোগ্যতা, জন্মগত অবস্থান, জন্মহার, মৃত্যুহার ইত্যাদি তথ্যও সংগ্রহ করা হয়ে থাকে।

***X-clusive লিংক*** : *প্রয়োগ (গ) ও উচ্চতর দৰতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–*

**গ** জনসংখ্যা বৃদ্ধির সমস্যা বর্ণনা কর।

**ঘ** জনসংখ্যা সমস্যার সমধান বিশেরষণ কর।

■ **জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর**

**প্রশ্ন ॥ ১ ॥ বাংলাদেশের বর্তমান জনসংখ্যা কত?**

**উত্তর** : বাংলাদেশের বর্তমান জনসংখ্যা ১৪ কোটি ৯৭ লাখ ৭২ হাজার ৩৬৪ জন।

**প্রশ্ন ॥ ২ ॥ ২০০১ সালের আদমশুমারি অনুযায়ী বাংলাদেশের লোকসংখ্যা কত ছিল?**

**উত্তর** : ২০০১ সালের আদমশুমারি অনুযায়ী বাংলাদেশের লোকসংখ্যা ছিল ১২.৯৩ কোটি।

**প্রশ্ন ॥ ৩ ॥ ১৮৬০ সালে বাংলাদেশ ভূখণ্ডে লোকসংখ্যা কত ছিল?**

**উত্তর** : ১৮৬০ সালে বাংলাদেশ ভূখণ্ডে লোকসংখ্যা ছিল মাত্র ২ কোটি।

**প্রশ্ন ॥ ৪ ॥ ২০১৫–১৬ সালের হিসাব অনুযায়ী বাংলাদশের জনসংখ্যা কত?**

**উত্তর** : ১৫ কোটি ৯৯ লৰ।

**প্রশ্ন ॥ ৫ ॥ জনসংখ্যা প্রবৃদ্ধির হার কীসের উপর নির্ভর করে?**

**উত্তর** : জন্মহার ও মৃত্যুহারের ওপর জনসংখ্যা প্রবৃদ্ধির হার নির্ভর করে।

**প্রশ্ন ॥ ৬ ॥ জনসংখ্যার পরিবর্তনশীলতা বলতে কী বোঝায়?**

**উত্তর :** জনসংখ্যার কাঠামোগত পরিবর্তনকে জনসংখ্যার পরিবর্তনশীলতা বলে।

**প্রশ্ন ॥ ৭ ॥ বাংলাদেশের জনসংখ্যা হ্রাসের ক্ষেত্রে কোনটির প্রভাব রয়েছে?**

**উত্তর :** বাংলাদেশের জনসংখ্যা হ্রাসের ৰেত্রে জন্মনিয়ন্ত্রণ সামগ্রী ব্যবহারের প্রভাব রয়েছে।

**প্রশ্ন ॥ ৮ ॥ একটি দেশের নির্ভরশীল জনসংখ্যা কীসের ওপর চাপ সৃষ্টি করে?**

**উত্তর :** একটি দেশের নির্ভরশীল জনসংখ্যা সীমিত সম্পদের ওপর প্রভাব ফেলে।

**প্রশ্ন ॥ ৯ ॥ অভ্যন্তরীণ স্থানান্তর কাকে বলে?**

**উত্তর :** একটি দেশের ভৌগোলিক সীমানার মধ্যে একস্থান হতে অন্যস্থানে গমন করাকে অভ্যন্তরীণ স্থানান্তর বলে।

**প্রশ্ন ॥ ১০ ॥ অভ্যন্তরীণ স্থানান্তর কাকে বলে?**

**উত্তর :** একটি দেশের ভৌগোলিক সীমানার মধ্যে একস্থান হতে অন্যস্থানে গমন করাকে অভ্যন্তরীণ স্থানান্তর বলে।

**প্রশ্ন ॥ ১১ ॥ নদীভাঙন এলাকার মানুষ কীসের তাগিদে শহরে আসে?**

**উত্তর :** নদীভাঙন এলাকার মানুষ বেঁচে থাকার তাগিদে শহরে আসে।

**প্রশ্ন ॥ ১২ ॥ মানুষ বাধ্য হয়ে স্থানান্তরিত হয় কেন?**

**উত্তর :** প্রাকৃতিক দুর্যোগের কারণে মানুষ বাধ্য হয়ে স্থানান্তরিত হয়।

**প্রশ্ন ॥ ১৩ ॥ বাংলাদেশের কোন শিল্পে বিপুল পরিমাণ নারী শ্রমিক কাজ করে?**

**উত্তর :** বাংলাদেশে পোশাক শিল্পে বিপুল পরিমাণ নারী শ্রমিক কাজ করছে।

**প্রশ্ন ॥ ১৪ ॥ আন্তর্জাতিক স্থানান্তর কাকে বলে?**

**উত্তর :** একটি স্বাধীন দেশ হতে অন্য একটি স্বাধীন দেশে চাকরি, বিয়ে, বসবাস এমনকি নাগরিকতা লাভের জন্য গমন করাকে আন্তর্জাতিক স্থানান্তর বলে।

**প্রশ্ন ॥ ১৫ ॥ চাকরি ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয় কীভাবে?**

**উত্তর :** চাকরি ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়– আন্তর্জাতিক স্থানান্তরের ফলে।

**প্রশ্ন ॥ ১৬ ॥ মাতৃমৃত্যু কাকে বলে?**

**উত্তর :** মায়েরা সন্তান প্রসবের পূর্বে এবং প্রসবের পর শারীরিক কিংবা অন্যান্য কারণে মৃত্যুবরণ করলে তাকে মাতৃমৃত্যু বলে।

**প্রশ্ন ॥ ১৭ ॥ পারিবারিক বিশৃঙ্খলার অন্যতম কারণ কী?**

**উত্তর :** পারিবারিক বিশৃঙ্খলার অন্যতম কারণ হল মাতৃমৃত্যু।

**প্রশ্ন ॥ ১৮ ॥ বাংলাদেশের শিশুদের একটা বিরাট অংশ মৃত্যুবরণ করে কেন?**

**উত্তর :** দারিদ্রতার কারণে বাংলাদেশের শিশুদের একা বিরাট অংশ মৃত্যুবরণ করে।

**প্রশ্ন ॥ ১৯ ॥ শিশু মৃত্যুর উচ্চহার কীসে বাধা সৃষ্টি করে?**

**উত্তর :** শিশু মৃত্যুর হার দেশের আর্থ–সামাজিক উন্নয়নে বাধা সৃষ্টি করে।

**প্রশ্ন ॥ ২০ ॥ কোন ধরনের অর্থনৈতিকশক্তিশালী হয় কোন দেশ?**

**উত্তর :** প্রাকৃতিক সম্পদে পরিপূর্ণ দেশসমূহ অর্থনৈতিকভাবে শক্তিশালী হয়।

**প্রশ্ন ॥ ২১ ॥ বাংলাদেশে কৃষিজমি হ্রাস পাচ্ছে কেন?**

**উত্তর :** বর্ধিত জনসংখ্যার আবাসন চাহিদা মেটাতে বাংলাদেশে কৃষিজমি হ্রাস পাচ্ছে।

**প্রশ্ন ॥ ২২ ॥ কীভাবে বাংলাদেশের পানিসম্পদ দূষিত হচ্ছে?**

**উত্তর :** কলকারখানার বর্জ্য পানিসম্পদকে দূষিত করছে।

**প্রশ্ন ॥ ২৩ ॥ বাংলাদেশে বিয়ের নূন্যতম বয়স কত?**

**উত্তর :** ছেলের ৰেত্রে ২১ বছর এবং মেয়ের ৰেত্রে ১৮ বছর।

**প্রশ্ন ॥ ২৪ ॥ মানবসম্পদ উন্নয়নে কী ব্যবস্থা গ্রহণ করতে হবে?**

